BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 19 Nov 2026, 04:34 PM

অর্থনীতি

দেশের আর্থিক খাতের অস্তিত্ব হুমকির মুখে: ড. মাহবুব উল্লাহ

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ৩০ অক্টোবর ২০২৬, ১১:০৭ AM



দেশের আর্থিক খাত ও সামগ্রিক অর্থনীতি এক গভীর সংকটের মুখে রয়েছে বলে সাবধান করেছেন জাতীয় অধ্যাপক ড. মাহবুব উল্লাহ। তিনি বলেছেন, □□আমাদের ব্যাংকিং ব্যবস্থা বর্তমানে অত্যন্ত ভঙ্গুর ও দুর্বল। পরিস্থিতি এমন এক বিপজ্জনক পর্যায়ে পৌঁছেছে যে এই খাতের অস্তিত্বই এখন বড় হুমকির সম্মুখীন।□□

তিনি বলেন, □□দেশের অর্থনীতি ইতিমধ্যে লাইনচ্যুত হয়েছে। এখনই যদি কার্যকর ও কঠোর পদক্ষেপ নেওয়া না হয়, তবে এই অর্থনীতি শুধু লাইনচ্যুতই থাকবে না, সরাসরি নদীতে গিয়ে পড়বে।□□

রাজধানীর মিরপুরে বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) মিলনায়তনে আয়োজিত ১১তম বার্ষিক ব্যাংকিং সম্মেলনের দ্বিতীয় দিনের উদ্বোধনী অধিবেশনে তিনি এসব কথা বলেন।

অধ্যাপক মাহবুব উল্লাহ তাঁর বক্তব্যে আর্থিক খাতের সুশাসনের অভাবকে তীব্রভাবে সমালোচনা করে বলেন, □□শুরুর দিকে ব্যাংক খাতের সংকটকে কেবল গ্রাহক চেনাসংক্রান্ত (কেওয়াইসি) বা প্রযুক্তিগত সমস্যা মনে করা হয়েছিল। কিন্তু পরবর্তীতে এটি ব্যাংকার, অসৎ ব্যবসায়ী

এবং অসাধু রাজনীতিবিদদের এক বিপজ্জনক ও প্রাতিষ্ঠানিক যোগসাজশে রূপ নিয়েছে। রাষ্ট্রের পৃষ্ঠপোষকতায় তৈরি হওয়া এই ধরনের সিন্ডিকেট ও অলিগার্কদের (প্রভাবশালী গোষ্ঠী) প্রশ্রয় দিয়ে কোনোভাবেই অর্থনীতিকে সঠিক ট্র্যাকে ফেরানো যাবে না।□□

তিনি আক্ষেপ করে বলেন, □□বাংলাদেশ বর্তমানে একটি শোষণমূলক রাষ্ট্রে পরিণত হয়েছে, যেখানে শোষণের সমস্ত সুবিধাভোগী হলো অল্পসংখ্যক ধনী ও প্রভাবশালী ব্যবসায়ী গোষ্ঠী; সাধারণ মানুষ এর কোনো সুফল পাচ্ছে না।□□

ড. মাহবুব উল্লাহর মতে, মুক্তবাজার অর্থনীতির স্বাভাবিক নিয়ম অনুসরণ করা হলে দেশের অধিকাংশ দুর্বল ব্যাংক এত দিনে বন্ধ বা বিলুপ্ত হয়ে যেত। কিন্তু বিভিন্ন রাজনৈতিক ও প্রশাসনিক উপায়ে জোরপূর্বক সেগুলোকে টিকিয়ে রাখার কৃত্রিম চেষ্টা চলছে।

এই ধরনের প্রচেষ্টা দীর্ঘমেয়াদে কতটা কার্যকর হবে তা নিয়ে তিনি গভীর সংশয় প্রকাশ করেন। তিনি এটিকে দেশের মানুষ ও অর্থনীতির জন্য একটি □দুর্ভাগ্যজনক পরিস্থিতি□ বলে অভিহিত করেন।

তিনি উল্লেখ করেন, দেশের সিংহভাগ মানুষ ইতিমধ্যে ব্যাংকিং ব্যবস্থার ওপর থেকে আস্থা হারিয়েছেন। তবে এই তীব্র সংকটের মধ্যেও অল্প কিছু ব্যাংক যে সততা ও দক্ষতার সাথে ভালো করছে, তাদের সেই সফল অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে পুরো খাতের সংস্কারের রোডম্যাপ তৈরি করার পরামর্শ দেন তিনি।

দেশের সামষ্টিক অর্থনীতির অন্যতম বড় দুর্বলতা হিসেবে রাজস্ব আদায়ের ঘাটতি এবং অত্যন্ত নিচু কর-জিডিপি অনুপাতকে দায়ী করেন ড. মাহবুব উল্লাহ।

তিনি বলেন, □□রাজস্বের এই ঘাটতি মেটাতে সরকারকে বাধ্য হয়ে ব্যাংক খাত থেকে বিপুল পরিমাণ টাকা ঋণ নিতে হচ্ছে। এর ফলে ব্যাংকগুলো ক্রমেই সরকারমুখী হয়ে পড়ছে, যা বেসরকারি খাতের ঋণপ্রাপ্তির সুযোগকে সংকুচিত করে তুলছে। অর্থনীতিতে এই পরিস্থিতি □ক্রাউডিং আউট□ ঝুঁকি তৈরি করছে।□□

সরকারের এই লাগামহীন ঋণ গ্রহণ এবং ভবিষ্যতে এর বিপুল সুদ ও আসল পরিশোধের অনিশ্চয়তা দেশের সামষ্টিক অর্থনীতির জন্য একটি বড় সতর্কসংকেত বা 'রেড অ্যালার্ট' বলে তিনি মনে করেন।

এই সংকট থেকে উত্তরণে কেবল ব্যাংক খাতের জোড়াতালির সংস্কার নয়, বরং রাষ্ট্রের সামগ্রিক অর্থনৈতিক কাঠামো ও নীতি ব্যবস্থায় আমূল পরিবর্তন আনা জরুরি বলে তিনি জোর দাবি জানান।

এ বিভাগের আরও খবর



টানা দুই দফা বাড়ার পর কমল সোনার দাম

টানা দুই দফা বাড়ার পর দেশের বাজারে সোনার দাম কমিয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার...



৯ দিন পর বেনাপোল-পেট্রাপোল বন্দরে আমদানি-রপ্তানি শুরু

দুর্গাপূজা ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা ৯ দিন বন্ধ থাকার পর বেনাপোল-পেট্রাপোল স্থলবন্দর দিয়ে আমদানি-রপ্তানি বাণিজ্য শুরু হয়েছে। রবিবার (২৫ অ...



ভরিতে ৩ হাজার ৩২৪ টাকা কমল স্বর্ণের দাম

বিশ্ববাজারের প্রভাবে দেশের বাজারেও কমেছে স্বর্ণের দাম। বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস) প্রতি ভরি স্বর্ণের দাম ৩ হাজার ৩২৪ টাকা কমি...



□বন্ধ শিল্পকারখানার সম্ভাবনা কাজে লাগাতে চায় সরকার□

বন্ধ ও উৎপাদন কার্যক্রমে পিছিয়ে থাকা শিল্পপ্রতিষ্ঠানের বিদ্যমান অবকাঠামো ও সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে উৎপাদন বৃদ্ধি এবং নতুন কর্ম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.seradealbd.com/economy/desher-arthik-khater-ostitb-humkir-mukhe-d-mahbub-ullah